কালের কণ্ঠ

# উত্তরা ইউনিভার্সিটিতে ভর্তি মেলা

০৬ ফেব্রুয়ারি, ২০২৪ ১৮:১৯




উত্তরা ইউনিভার্সিটিতে শুরু হয়েছে ভর্তি মেলা স্প্রিং-২০২৪। মঙ্গলবার (৬ ফেব্রুয়ারি) থেকে শুরু হওয়া এই মেলা চলবে আগামী ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের (প্লট ৫, সেক্টর ১৬, মিরপুর বেরিবাধ রোড, ঢাকা-১২৩০) মাল্টিপারপাস হলে মেলা উপলক্ষে সকল স্নাতক প্রোগ্রামে ৩০ থেকে ১০০ ভাগ ছাড়ে, ডিপ্লোমা হোল্ডারদের জন্য সকল বিএসসি প্রোগ্রামে ফ্লাট ৫০ শতাংশ ছাড়ে এবং সকল স্নাতকোত্তর প্রোগ্রামে ৩০ থেকে ৫০ শতাংশ টিউশন ফি ছাড়ে শিক্ষার্থী ভর্তি চলছে।

এছাড়াও সকল প্রোগ্রামে ইউনিভার্সিটির সাবেক শিক্ষার্থীদের পরিবার, তৃতীয় লিঙ্গ, শারীরিক প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠীর শিক্ষার্থীদের জন্যেও বিশেষ ছাড়ের ব্যবস্থা রয়েছে।

ভর্তি মেলার উদ্বোধন উপলক্ষে প্রতিষ্ঠানের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা বলেন, "উত্তরা ইউনিভার্সিটিতে উচ্চশিক্ষা গ্রহণের জন্য ৪০টি প্রোগ্রাম চালু রয়েছে এবং আমাদের মোটো হচ্ছে 'এক্সিলেন্স ইন হায়ার এডুকেশন অ্যান্ড রিসার্চ'। আমরা চলমান ভর্তি মেলা স্প্রিং-২০২৪ উপলক্ষে ভর্তি ফিতে ৫০ শতাংশ ছাড় দিচ্ছি এবং ও লেভেল/এ লেভেল শিক্ষার্থীদের জন্য ৯০ শতাংশ ছাড়ে ভর্তির ব্যবস্থা করছি।''

ভর্তি মেলা স্প্রিং-২০২৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটি উপ-উপাচার্য প্রফেসর ড.গৌর গোবিন্দ গোস্বামীসহ বিভিন্ন অনুষদের ডিন ও বিভিন্ন বিভাগের চেয়ারম্যানরা।